দৈনিক
জনকণ্ঠ

28 JAN 20 3

তারিখ 28 JAN
পৃষ্ঠা ২ কলাম ২

# দ্রব্যমূল্যের উর্ধগতিতে শিক্ষক সমিতির উদ্বেগ ॥ মহার্ঘ্য ভাতা ও ঈদ বোনাস দাবি

**স্টাফ রিপোর্টার ॥** বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) সোমবার এক বিবৃতিতে বলেছে, দ্রব্যমূল্যের ক্রমবর্ধমান উর্ধগতিতে দেশের শিক্ষক সমাজ আজ দিশাহারা। সমিতি আসন্ন ঈদ-উল- আযহার আগেই বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ৩০% মহার্ঘ্য ভাতা ও ঈদ বোনাস দেয়ার দাবি জানিয়েছে। বিবৃতিতে বলা হয়, বিগত সংসদ অধিবেশনে পাস ও সংশোধনকৃত বেসরকারী শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বিল ও শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট বিলে প্রদত্ত শিক্ষক-কর্মচারীদের এককালীন আর্থিক সুবিধা রহিতকরণ বা বাতিলকরণ সম্পর্কে পত্রপত্রিকায় প্রকাশিত কিছু রিপোর্টের প্রেক্ষিতে সমিতি গভীরভাবে উদ্বিগ্ন। বিষয়টি নিয়ে সারাদেশের শিক্ষক সমাজের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। সমিতি বিল দু'টির ভবিষ্যত নিয়ে সৃষ্ট সংশয় দূরীকরণে সরকারের কাছে সুস্পষ্ট ব্যাখ্যা চেয়েছে। একই সঙ্গে প্রদত্ত সুবিধা যেন কোন অবস্থায় সঙ্কোচন বা বাতিল করা না হয় তার জোর দাবি জানিয়েছে।

## শিক্ষক সমিতি ফেডারেশনের জরুরী বার্তা

বাংলাদেশকে মার্কিন সন্দেহের তালিকা থেকে বাদ দিতে, বাংলাদেশের সপক্ষে সিদ্ধান্ত নিতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন মার্কিন সরকারকে প্রভাবিত করার জন্য আমেরিকান শিক্ষক সমিতি ফেডারেশন ও ন্যাশনাল এডুকেশন এ্যাসোসিয়েশনের কাছে এক জরুরী বার্তা পাঠিয়েছে। ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদসহ শিক্ষক নেতৃবৃন্দ সোমবার এক বিবৃতিতে এ তথ্য প্রকাশ করেন।